প্রথম আলো

তারিখ 26 SEP 2017
পৃষ্ঠা ৪ কলাম ২

### উপাচার্যকে আন্দোলনরত শিক্ষার্থীরা

# ডাকসু নির্বাচন দিয়ে মাইলফলক সৃষ্টি করুন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচন দিয়ে বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামানকে নতুন মাইলফলক সৃষ্টিতে ভূমিকা রাখার আহ্বান জানিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা।

গতকাল সোমবার দুপুরে উপাচার্যকে দেওয়া এক স্মারকলিপিতে এই আহ্বান জানান ডাকসুর দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা। উপাচার্য নির্বাচন করার ব্যাপারে শিক্ষার্থীদের আশ্বস্ত করেছেন।

২০১২ সালে ডাকসুর দাবিতে 'ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী অধিকার মঞ্চ' বিভিন্ন সময় বিক্ষোভ, ধর্মঘট, কালো পতাকা মিছিল, ব্যঙ্গচিত্র প্রদর্শনের মাধ্যমে ডাকসুর দাবি জানানো শুরু করেন। এতে সাধারণ শিক্ষার্থী ও বিভিন্ন ছাত্রসংগঠনের নেতা-কর্মীরা অংশ নেন। একপর্যায়ে আন্দোলন শুধু দিবসকেন্দ্রিক হয়ে পড়ে। সিনেটের কোনো অধিবেশন বা নির্বাচনকে কেন্দ্র করে শিক্ষার্থীদের প্রতিবাদ চলতে থাকে।

এর ধারাবাহিকতায় গত ২৯ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্যানেল নির্বাচনের লক্ষ্যে সিনেটের বিশেষ অধিবেশন চলার সময় 'ডাকসুর দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীবৃন্দ' ব্যানার নিয়ে শিক্ষার্থীরা বিক্ষোভ করতে যান। তখন শিক্ষকেরা বাধা দিলে শিক্ষার্থীদের সঙ্গে হাতাহাতি হয়। এরই মধ্যে সিনেটে উপাচার্য প্যানেল নির্বাচন হয়। কিন্তু সিনেটে রেজিস্টার্ড গ্র্যাজুয়েট, প্রতিনিধির দাবিতে উচ্চ আদালতে করা একটি রিট আবেদনের পরিপ্রেক্ষিতে ওই প্যানেলের কার্যক্রম স্থগিত করা হয়। পরে প্যানেলের বাইরে থেকে ৪ সেপ্টেম্বর সাবেক সহ-উপাচার্য অধ্যাপক মো. আখতারুজ্জামানকে নতুন উপাচার্য নিয়োগ দেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

গতকাল কলা ভবনের সামনে থেকে মিছিল করে আন্দোলনকারীরা প্রশাসনিক ভবনে উপাচার্যের কার্যালয়ে যান। পরে শিক্ষার্থীদের তিনজন প্রতিনিধি উপাচার্যের হাতে স্মারকলিপি দেন। প্রতিনিধিদলে ছিলেন আন্দোলনকারীদের সমন্বয়ক মাসুদ আল মাহাদী, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি উম্মে হাবিবা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষার্থী আবু রায়হান।

স্মারকলিপিতে শিক্ষার্থীরা বলেন, 'বিগত ২৭ বছরে অনেকেই উপাচার্য হয়ে এসেছেন। তাঁরা ডাকসু নির্বাচন দেওয়ার আশার বাণী শুনিয়েছেন এবং শেষ পর্যায়ে স্বপ্নভঙ্গ করেছেন। এমতাবস্থায় শিক্ষার্থীদের স্বার্থরক্ষায় আমরা আপনার শরণাপন্ন হয়েছি। আমরা বিশ্বাস করি, আপনি ছাত্র সংসদ কার্যকর করার লক্ষ্যে শিগগিরই ডাকসু নির্বাচনের আয়োজন করে শিক্ষার্থীদের অধিকার পুনঃপ্রতিষ্ঠিত করবেন এবং উপাচার্য হিসেবে এক মাইলফলক স্থাপন করবেন।'

জানতে চাইলে মাসুদ আল মাহাদী *প্রথম আলোকে* বলেন, 'উপাচার্য আমাদের বলেছেন, তিনিও ডাকসুর প্রয়োজনীয়তার বিষয়ে একমত। তিনি বিশ্ববিদ্যালয় পরিবারের সবার সঙ্গে কথা বলে ডাকসু নির্বাচন করার ব্যাপারে আমাদের আশ্বাস দিয়েছেন।'



অবিলম্বে ডাকসু নির্বাচনের দাবিতে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপাচার্য মো. আখতারুজ্জামানের কাছে স্মারকলিপি দেন ● ছবি : প্রথম আলো

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি. এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর